

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়,
দিনাজপুর সরকারি মহিলা কলেজ, দিনাজপুর।
College Code No- 3403

বিজ্ঞপ্তি নং- ২৮

তারিখ: ০৬/১১/২০২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকা প্রকাশ ও
কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২১/২৪৫৬ তারিখ:১৯/০৭/২০২১ স্মারকমূলে
২০২০-২০২১ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত নীতিমালার ভিত্তিতে দিনাজপুর সরকারি মহিলা কলেজে
২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম রিলিজ স্লিপে ১ম বর্ষ স্নাতক(সম্মান) শ্রেণিতে বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস
ও সংস্কৃতি, সমাজকর্ম, অর্থনীতি, দর্শন ও ইতিহাস বিষয়ে ভর্তি করা হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ স্লিপের মেধা
তালিকা ০৪ নভেম্বর ২০২১ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS
(nu<space>athn<space>roll no টাইপ করে ১৬২২২ নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে
একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা
থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী ২০১৯-২০২০
শিক্ষাবর্ষে কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি হয়ে থাকলে তাকে অবশ্যই ১১ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে পূর্ববর্তী
শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে। এছাড়া ১ম রিলিজ স্লিপের মেধা
তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন করার কোন সুযোগ থাকবে না।

১ম রিলিজ স্লিপে মেধা তালিকার ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে :

ক্রমিক	করণীয়	তারিখ
ক)	১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Applicant Login অপশনে Honours Login লিংকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি নিতে হবে।	০৪/১১/২০২১ থেকে ১৩/১১/২০২১
খ)	১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন ফি সহ মোট ৪৪০৫/- (চার হাজার পাঁচ) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়ার তারিখ:	০৬/১১/২০২১ থেকে ১৪/১১/২০২১

ফি প্রদান পদ্ধতি

Biller ID- 3286
Bill Number-শিক্ষার্থীর Admission Roll

পদ্ধতি:

১. লগইন রকেট এ্যাপস → ক্লিক বিল পে → Biller ID 3286 (কলেজের নাম আসবে) → Bill Number এর স্থানে Admission Roll দিতে হবে → পে ফর (নিজের মোবাইল হলে Self/ অন্যের মোবাইল হলে Other → এমাউন্ট (৪৪০৫/-) → রকেট পিন নম্বর দিয়ে সেভ করতে হবে → ফিরতি এসএমএস আসবে। ফি প্রদান সম্পন্ন হলে মোবাইলে TxnID সম্বলিত এসএমএস আসবে। উক্ত TxnID নম্বরটি ডাউনলোডকৃত আবেদন ফরমের উপরে হাতে লিখে দিতে হবে।

অথবা

২. USSD-Dial: *322# ডায়াল → বিল পে → নিজের মোবাইল হলে Self/ অন্যের মোবাইল হলে Other → Other → Biller ID এর স্থানে 3286 → Bill Number এর স্থানে Admission Roll দিতে হবে → এমাউন্ট (৪৪০৫/-) → রকেট পিন নম্বর দিয়ে সেভ করতে হবে → ফিরতি এসএমএস আসবে। ফি প্রদান সম্পন্ন হলে মোবাইলে TxnID সম্বলিত এসএমএস আসবে। উক্ত TxnID নম্বরটি ডাউনলোডকৃত আবেদন ফরমের উপরে হাতে লিখে দিতে হবে।

Bangla → Ban,

English → Eng,

Economics → Eco,

History → His,

Social Work → Soc,

Philosophy → Phi,

Islamic History and Culture → IHC,

যেমন : Bill Number এর স্থলে EcoXXXXXXXX

বিশেষ দ্রষ্টব্য : ভর্তি ফি ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা না দেয়া পর্যন্ত ভর্তি অসম্পূর্ণ থেকে যাবে।

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য যোগাযোগ করুন:

০১	জনাব মুহাম্মদ জাকির হোসেন, সহকারী অধ্যাপক	০১৭১৬৪৭৮২২৩
০২	জনাব মো: আজিজুর রহমান, প্রভাষক	০১৭১৯৪৩৫৯৫৪

আহবায়ক

অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি/২০২১

দিনাজপুর সরকারি মহিলা কলেজ,

দিনাজপুর।

(প্রফেসর মো: ছাইয়েদুল হক)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

দিনাজপুর সরকারি মহিলা কলেজ,

দিনাজপুর।